



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি সারদা সুন্দরী মহিলা কলেজ
ফরিদপুর



২০২৫ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২৯/০৯/২০২৬ তারিখের স্মারক নং ০৫(৫৩৪) জাতীয়বিঃ/পরীঃ/ডিগ্রী পাস/২০২২/৬০৬৬ মোতাবেক সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ডিগ্রী ১ম বর্ষে ভর্তিকৃত ছাত্রীদের ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের আবেদন নিম্ননির্ধারিত তারিখের মধ্যে Online (EMS)-এ সম্পন্ন করা হবে। পরীক্ষার তারিখ ও সময়সূচী যথাসময়ে ঘোষণা করা হবে। পরীক্ষার আবেদন ফরম জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (ems.nu.ac.bd) পাওয়া যাবে। পরীক্ষার্থীকে অনলাইন হতে পূরণকৃত আবেদন ফরম নিরীক্ষা কমিটি কর্তৃক নিরীক্ষণের পর **bKash/Rocket** এর মাধ্যমে আবেদন ফি জমা দিয়ে রশিদসহ প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে কলেজের হিসাব শাখায় নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে হবে। উল্লেখ থাকে যে, নিরীক্ষা কমিটি সম্ভাব্য পরীক্ষার্থীর তালিকা দেখে ফরম নিরীক্ষণ করবেন। সম্ভাব্য তালিকায় উল্লেখিত বিষয় কোড ব্যতীত অন্য বিষয় কোডে ফরম পূরণ করানো যাবে না। উল্লেখ্য যে, যে সকল পরীক্ষার্থী ইতোপূর্বে ফরম পূরণ করেনি বা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য (Not Promoted) হয়েছে তাদেরকে ভর্তিসহ আবেদন ফরম পূরণ করতে হবে।

১। পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী:

ক) ডিগ্রী পাস কোর্স ২য় বর্ষ পরীক্ষা (৭০০ নম্বর) নিয়মিত:

i) ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

খ) ডিগ্রী পাস কোর্স ১ম বর্ষ পরীক্ষা (অনিয়মিত):

i) ২০২০-২১, ২০২১-২২ ও ২০২২-২৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০২১, ২০২২ ও ২০২৩ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২২, ২০২৩ ও ২০২৪ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য (Not Promoted) হয়েছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ii) ২০১৯-২০, ২০২০-২১, ২০২১-২২ ও ২০২২-২৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০২০, ২০২১, ২০২২ ও ২০২৩ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২১, ২০২২, ২০২৩ ও ২০২৪ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক কোর্সে F গ্রেড পেয়ে ৩য় বর্ষে উত্তীর্ণ হয়েছে সে সকল শিক্ষার্থীরা F গ্রেড প্রাপ্ত কোর্সে এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

iii) ২০১৯-২০, ২০২০-২১, ২০২১-২২ ও ২০২২-২৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০২০, ২০২১, ২০২২, ২০২৩ ও ২০২৪ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২০, ২০২১, ২০২২, ২০২৩ এবং ২০২৪ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে উত্তীর্ণ (Promoted-C) হয়েছে তাদের অনুপস্থিত কোর্সে এ পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে।

iv) উপরোক্ত শিক্ষার্থীদেরকে ২য় বর্ষে “বাংলা জাতীয় ভাষা” আবশ্যিকসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

v) ২য় বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যনীয়।

গ) ডিগ্রী পাস কোর্স ২য় বর্ষ মানোন্নয়ন পরীক্ষা:

i) ২০২০-২১, ২০২১-২২ ও ২০২২-২৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও ২০২১, ২০২২ ও ২০২৩ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২৪ সালের ২য় বর্ষের পরীক্ষায় প্রথম বারের মত অংশগ্রহণ করে যে সমস্ত কোর্সে C, C+ ও D গ্রেড পেয়েছে তারা C, C+ ও D গ্রেড পাওয়া সর্বোচ্চ দুটি কোর্সে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে পূর্বে F গ্রেড প্রাপ্ত পত্র C, C+ ও D গ্রেডে উন্নীত হলে ঐ পত্র মানোন্নয়নের কোন সুযোগ নাই।

২। অনলাইনে আবেদন ফরম পূরণ (পরীক্ষার্থীদের জন্য):

ক) প্রত্যেক শিক্ষার্থীদের সম্প্রতি তোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি আবেদনের সাথে আইকা আঠা দ্বারা লাগাতে হবে।

খ) আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি সংযুক্ত করতে হবে।

৩। রেজুলেশন:

২০২৫ সালের ডিগ্রী পাস কোর্স ২য় বর্ষ পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৩-১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।

৪। আবেদন ফরম পূরণের তারিখ (সরকারি ছুটির দিন ব্যতীত):

ক্র:নং	পরীক্ষার নাম	তারিখ	সময়
০১.	ডিগ্রী (পাস) ২য় বর্ষ (সকল গ্রুপ)	১২/১০/২০২৬ থেকে ১৫/১০/২০২৬ পর্যন্ত	অফিস চলাকালীন সময়
০২.	অনিয়মিত ও মানউন্নয়ন সকল বিষয়		

পরীক্ষা ফিসের বিবরণ (নিয়মিত/অনিয়মিত/মানোন্নয়ন)

বিবরণ	ফরম পূরণের ফিস	সেশনচার্জ	মোট
বিএ/বিএসএস/বিবিএস নিয়মিত (সকল পত্র)	১৭০০/-	৩,০২৯/-	৪,৭২৯/-
বিএ/বিএসএস/বিবিএস অনিয়মিত (সকল পত্র)	২৩০০/-	৩,০২৯/-	৫,৩২৯/-
১ পত্রে মানোন্নয়ন	১২৫০/-	-	১২৫০/-
২ পত্রে মানোন্নয়ন	১৪০০/-	-	১৪০০/-
৩ পত্রে মানোন্নয়ন	১৫৫০/-	-	১৫৫০/-
৪ পত্রে মানোন্নয়ন	১৭০০/-	-	১৭০০/-
৫ পত্রে মানোন্নয়ন	১৮৫০/-	-	১৮৫০/-

বিঃদ্র: ১। C Promoted শিক্ষার্থীর ক্ষেত্রে বিশেষ অধিভুক্তি ফি (অন্যান্য ফি এর অতিরিক্ত) প্রতি পরীক্ষার্থী ১,৫০০/- টাকা যোগ হবে।

২। অনলাইনে ফি পরিশোধের ক্ষেত্রে কোন গরমিল হলে পেমেন্ট না করে কলেজের হিসাব শাখায় যোগাযোগ করার জন্য বলা হলো।

স্বাঃ-

(অধ্যাপক আব্দুল্লাহ আল মাতীন)

অধ্যক্ষ

সরকারি সারদা সুন্দরী মহিলা কলেজ

ফরিদপুর

তারিখ: ১১/১০/২০২৬

স্মারক নং- সা.সু.ম.ক: ৮২৮/২৬

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১। উপাধ্যক্ষ, সরকারি সারদা সুন্দরী মহিলা কলেজ, ফরিদপুর।

২। জনাব মোঃ শেখ মুজিব, প্রদর্শক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, এ কলেজ।

৩। হিসাবরক্ষক।

৪। জনাব সুলতান আহমেদ/জনাব সাকির হোসেন/জনাব মোঃ মাসুদ রানা/জনাব অমৃত বিশ্বাস/জনাব রূপালী সিকদার

/জনাব মোঃ মিরাজ শেখ।

৫। ওয়েবসাইট/নোটিশ বোর্ড/হেল্প ডেস্ক।

৬। সংরক্ষণ নথি।

১১/১০/২৬

অধ্যক্ষ

সরকারি সারদা সুন্দরী মহিলা কলেজ

ফরিদপুর

অধ্যাপক আব্দুল্লাহ আল মাতীন

আইডি- ০৮৯৬৯

অধ্যক্ষ

সরকারি সারদা সুন্দরী মহিলা কলেজ

ফরিদপুর